


প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (Livestock Extension Officer-LEO), ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (NATP-2), পিআইইউ : ডিএলএস এর দায়িত্ব ও কর্তব্য :

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (NATP-2), পিআইইউ : প্রাণিসম্পদ অংগ এর আওতায় ২(দুই)টি উপজেলায় প্রকল্পের দায়িত্ব পালনে ১(এক) জন করে প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (LEO)-কে নিয়োগ দেয়া হয়েছে। তিনি উক্ত ২(দুই)টি উপজেলায় এনএটিপি-২ এর কর্মকান্ড বাস্তবায়নে উভয় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সর্বপ্রকার সহায়তা প্রদান করবেন। তিনি Base Station-এর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ULO) এর সরাসরি তত্ত্বাবধানে থেকে প্রকল্প সংক্রান্ত প্রশাসনিক কর্মকান্ড যেমন- বেতন, ভ্রমণ, ছুটি ও অন্যান্য কার্য পরিচালনা করবেন। তবে প্রকল্প সংক্রান্ত যাবতীয় প্রতিবেদন প্রস্তুতে উভয় ULO-কে সহায়তা প্রদান করবেন। তিনি দায়িত্ব প্রাপ্ত ২(দুই)টি উপজেলায় প্রকল্পের নিম্নে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নেও দায়িত্ব পালন করবেন :

১. সিল (CEAL), সিআইজি (CIG) ও পিও (PO) নির্বাচন/গঠন ও পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত ২(দুই)টি উপজেলার ULO-গণকে সহায়তা প্রদান।
২. সিআইজি মাইক্রোপ্লান, ইউনিয়ন এক্সটেনশন মাইক্রোপ্লান, উপজেলা এক্সটেনশন প্লান প্রণয়ন ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
৩. দায়িত্বপ্রাপ্ত ২(দুই)টি উপজেলার ULO-গণের সংগে পরামর্শক্রমে উপজেলা ভিত্তিক সাপ্তাহিক অথবা সপ্তাহের ৫(পাঁচ) দিনের মধ্যে ৩(তিন) দিন এক উপজেলায় এবং ২(দুই) দিন অন্য উপজেলায় দায়িত্ব পালন এবং মাস শেষে গৃহীত কার্যক্রমের উপর প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট ২(দুই)টি উপজেলার ULO-গণের নিকট দাখিলকরণ।
৪. দায়িত্বপ্রাপ্ত ২(দুই)টি উপজেলার ULO-গণের সংগে পরামর্শক্রমে মাসে প্রতি উপজেলায় ন্যূনতম ৮(আট)টি ইউনিয়নের CEAL এবং সিআইজি এর কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন ও সমন্বয় করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
৫. বাস্তবায়নাধীন প্রদর্শনী ও মাঠ দিবসে সিআইজি সদস্যদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান।
৬. বিভিন্ন সমাবেশ (Campaign) যেমন- Vaccination, Deworming, Infertility, CIG/Non-CIG gathering, Exposure visit, ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের ULO-কে সহায়তা প্রদান।
৭. সিআইজি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে ULO-দ্বয়কে সহায়তা প্রদানসহ CIG-দের প্রশিক্ষণ প্রদান।
৮. এনএটিপি-২ প্রকল্পের বিভিন্ন কর্মকান্ডের তথ্য সংগ্রহ এবং ডাটাবেজ সংরক্ষণকরণে ULO-দ্বয়কে সহায়তা প্রদান।
৯. নির্ধারিত সময়ে এনএটিপি-২ প্রকল্পের সকল প্রকার প্রতিবেদন প্রণয়নে ULO-দ্বয়কে সহায়তা প্রদান ও উক্ত প্রতিবেদন সময়মত পরিচালক, পিআইইউ: প্রাণিসম্পদ অংগের ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণ।
১০. এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড (AIF) ২ এবং ৩ এর জন্য উপ-প্রকল্প প্রনয়ণে সংশ্লিষ্ট সকলকে কারিগরি সহায়তা প্রদান এবং উক্ত উপ-প্রকল্প পর্যবেক্ষণ, মূল্যায়ন ও সমন্বয় করণ।
১১. প্রতি মাসের শেষ সপ্তাহে পরবর্তী মাসের ভ্রমণসূচি প্রণয়নপূর্বক Base Station-এর ULO এর নিকট দাখিল ও অনুমোদন গ্রহণ। অনুমোদিত ভ্রমণসূচি তাঁর সংশ্লিষ্ট ২টি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও পরিচালক, পিআইইউ: প্রাণিসম্পদ অংগের ই-মেইলে প্রেরণ।
১২. কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এনএটিপি-২ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব পালন।

  
ড. মুজিবুর মোহাম্মদ শাহজাদা  
পরিচালক  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট  
(এনএটিপি-২): প্রাণিসম্পদ অংগ  
প্রাণিসম্পদ অধিদপ্তর, কামগেট, ঢাকা-১২১৫।